দৈনিক বাংলা

তারিখ 15 FEB 1993
পৃষ্ঠা ৫ কলাম ৩

# কুমিল্লা কারিগরি ইনস্টিটিউট চালু হোক

শত বছরের পুরনো কুমিল্লা শহীদ শামসুল হক কারিগরি প্রশিক্ষণ ইনস্টিটিউটে সরকারী আর্থিক সহায়তার অভাবে বর্তমানে ছাত্র ভর্তি বন্ধ করে দেওয়া হয়েছে। শহরের প্রাণকেন্দ্রে ১৮৮৯ সালে ২ দশমিক ৫৪ একর জমির উপর প্রতিষ্ঠিত জেলা বোর্ডের পরিচালনাধীন এই টেকনিক্যাল স্কুলে ট্রেড কোর্স চালু করা হয়েছিল। পরবর্তীতে ১৯৭১-এর মুক্তিযুদ্ধে শহীদ জেলা প্রশাসক শামসুল হকের নামে শহীদ শামসুল হক টেকনিক্যাল ইনস্টিটি-উট নামকরণ করে ১৯৮০ সালে বাংলাদেশ টেকনিক্যাল বোর্ডের অধীনে এতে ৩ বৎসরের ডিপ্লোমা কোর্স চালু করা হয়। এ প্রতিষ্ঠানে অনেক ছাত্র কারিগরি শিক্ষার সুযোগ পেতো। তাছাড়া এতে গরীব মেধাবী ছাত্রদের প্রতি কোর্সে ৪০ জন করে ১২০ জনকে সরাসরি শিক্ষার সুযোগ দেওয়া হতো। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, জেলা পরিষদ সরকারী অর্থের অভাবে প্রতিষ্ঠানটি পরিচালনায় অপারগতা প্রকাশ করে শত শত ছাত্রের কারিগরি শিক্ষার সুযোগ বন্ধ করে দিয়েছে। এই ঐতিহ্য-মন্ডিত প্রতিষ্ঠানটি এভাবে বন্ধ হয়ে যাওয়ার ফলে এ অঞ্চলের শিক্ষার্থীরা বিশেষ করে গরীব মেধাবী ছাত্ররা কারি-গরি শিক্ষা লাভের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এ কারণে তাদের মধ্যে দারুণ হতাশা দেখা দিয়েছে। এ অবস্থায় শিক্ষা প্রতিষ্ঠানটি পুনরায় চালু করা একান্ত প্রয়োজন। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের আশু দৃষ্টি আকর্ষণ করছি। এবং কুমিল্লা কারি-গরি শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় আর্থিক সহায়তা দানে পুনরায় এটি চালু করে জেলার সাধারণ ও গরীব মেধাবী ছাত্রদের কারিগরি শিক্ষার সুযোগদানের জন্য আবেদন জানাচ্ছি।

—স্বপন কুমার সরকার
ফিনিক্স ইন্স্যুরেন্স কোং লিঃ
৫০ এস এস মালেহ রোড
নারায়ণগঞ্জ।